মেহেরপুরে দুটি প্রতিষ্ঠানে ৯০ হাজার টাকা জরিমানা আদায়

অপরিচ্ছন্ন ও নোংরা দুর্গন্ধযুক্ত পরিবেশে মিষ্টি তৈরী ও কারখানার মধ্যে উন্মুক্ত খোলা টয়লেটসহ কর্মচারীদের যথাযথ স্বাস্থ্যবিধি না থাকাসহ বিভিন্ন অভিযোগে গিয়াস মিষ্টান্ন ভান্ডারকে ৫০ হাজার ও ক্যারেটে প্রতারণার দায়ে নিউ পল্লীশ্রী জুয়েলার্সকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার (৮ নভেম্বর) বেলা ১ টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ ও র্যাব-১২ যৌথভাবে শহরের বড়বাজার ও হোটেল বাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে।

এসময় র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ আবুল কালাম আজাদ, জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক উপস্থিত ছিলেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, মেসার্স গিয়াস মিষ্টান্ন ভান্ডারের কারখানায় অপরিচ্ছন্ন ও নোংরা দুর্গন্ধযুক্ত পরিবেশে তৈরি হচ্ছে মিষ্টি ও মিষ্টি জাতীয় খাবার। কারখানার মধ্যে উন্মুক্ত খোলা টয়লেট। হাত ধোয়ার জন্য সাবান বা হ্যান্ডওয়াস নেই। কর্মচারীদের নেই যথাযথ স্বাস্থ্যবিধি। প্যাকেটজাত দই মিষ্টিতে মানা হচ্ছেনা যথাযথ মোড়কীকরণ আইন। এসব অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া কারখানার পরিবেশ উন্নত করে স্বাস্থ্যসম্মতভাবে মিষ্টি তৈরির নির্দেশনা দেয়া হয়েছে।

এছাড়া লিখিত অভিযোগের প্রেক্ষিতে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার মেসার্স নিউ পল্লী শ্রী জুয়েলার্সে অভিযান চালানো হয়। প্রতিষ্ঠানটির ২২ ক্যারেট বলে বিক্রি করা স্বর্ণের দুল পরীক্ষা করে ২০.৪৫ ক্যারেট পাওয়া যায়। ক্যারেটে প্রতারণার দায়ে প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪৫ ধারায় ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

গাংনীতে মাদক সেবীর জেল জরিমানা

মেহেরপুরের গাংনীতে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আনারুল ইসলাম(৫০) নামের এক মাদক সেবীর ১৫ দিনের কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

দন্ডিত আনারুল ইসলাম গাংনী উপজেলার মটমুড়া স্কুল পাড়ার জয়েদ আলীর ছেলে। আজ মঙ্গলবার সকালে অভিযান চালিয়ে তার নিজ বাড়ি থেকে আটক করা হয়।

এসময় তার কাছ থেকে উদ্ধার করা হয় ৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জামাদি। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ওই মাদক সেবীকে দন্ড প্রদান করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

আদলত সুত্রে জানায়, মাদক দব্য নিয়ন্ত্রণ আইন তাকে জেল ও জরিমানা কার হয়েছে।

এসময় মেহেরপুর জেলা মাদকদ্রব্য অধিদপ্তরের পরিদর্শক আবুল হোসেন, উপপরিদর্শক মোহাম্মদ খসরু আল মাসুমসহ মাদক দ্রব্য অধিদপ্তরের একটি টীম উপস্থিত ছিলেন।

মেহেরপুর পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ জন, মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ২ ও সিআর মামলার ১ আসামি গ্রেফতার করেছেন।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (৮ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) মনোজিৎ কুমার নন্দী ও মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে এসব অভিযান চালানো হয়। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (৮ নভেম্বর) সকাল ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

২০২৩ সাল হবে জনতার বিজয়ের সাল

– —–মাসুদ অরুন

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে নানা কর্মসূচি পালন করেছে।

সোমবার (৭ নভেম্বর) সারা দেশের ন্যায় মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে দলীয় কার্যালয়ের সামনে এসব কর্মসূচি পালন করে। কর্মসূচির মধ্যে ছিল পতাকা উত্তোলন, উন্মুক্ত আলোচনা সভা।

দিবসটি পালন উপলক্ষে বিকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন, আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক

আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সাইফুল ইসলাম প্রমুখ।

সভাপতির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুণ বলেন দুর্ভিক্ষের ভয় দেখিয়ে জনতার সংগ্রাম ও লডাই বন্ধ রাখা যাবেনা।আধিপত্যবাদ ও অপশাসনের বিরুদ্ধে জনতার গণঅভ্যুত্থান হবে। ২০২৩ সাল হবে জনতার বিজয়ের সাল। বিনা ভোটের প্রধানমন্ত্রী নাকি দেশে দুর্ভিক্ষ হওয়ার আশংকা করছেন। দূর্ভিক্ষ হবে না, দেশে এখন ৭৪ সালের দুর্ভিক্ষ চলছে।

আলোচনা সভায় সঞ্চালনায় ছিলেন মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

মেহেরপুরে ৯০ বোতল ফেনসিডিলসহ এক জন আটক

৯০ বোতল ফেনসিডিলসহ মোঃ শাহাজামাল(৫৫) কে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি টিম। আটক মোঃ শাহাজামাল গাংনী উপজেলার দক্ষিণ অলিনগর গ্রামের কালুহার মন্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার স্কোয়ার্ডন লিডার রাসেলের নেতৃত্বে র্যাবের একটি টিম আজ সোমবার (৭ নভেম্বর) সন্ধ্যার দিকে দক্ষিণ অলিনগর গ্রামে গোপন সংবাদে বিশেষ অভিযান চালিয়ে ৯০ বোতল ফেনসিডিলসহ শাহাজামালকে আটক করেন।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার স্কোয়ার্ডন লিডার রাসেল বলেন, দক্ষিণ অলিনগর গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অন্যরা পালিয়ে গেলেও শাহাজামালকে আটক করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে

আসামির বিরুদ্ধে গাংনী থানায় মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে জেলা ও দায়রা জজের যোগদান

মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ সোমবার দুপুরের দিকে তার কর্মস্থল মেহেরপুরে যোগদান করেছেন।সোমবার (৭ নভেম্বর) দুপুরের দিকে তিনি যোগদান করেন।

জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ মেহেরপুরে এসে পৌঁছালে মেহেরপুর জজ কোর্টের এসময় অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস বিচারক বৃন্দ তাকে স্বাগত জানান।

চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর, অন্যান্য বিচারকবৃন্দ ও মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য তাকে ফুলেল শুভেচ্ছা জানান। সম্প্রতি মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালীউর রহমান বদলি হওয়ায় মো: শহিদুল্লাহ তার স্থলাভিষিক্ত হন।

মুজিবনগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে ডিজিটাল উদ্ভাবনী মেলা।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা চত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

এর আগে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল-জান্নাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলার উদ্বোধন করেন।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেলাই (১) উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ(২)ডিজিটাল সেবা(৩)হাতের মুঠোয় সেবা (৪) শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান নামে চারটি প্যাভিলিয়ন অংশগ্রহণ করে। প্যাভিলিয়ন-১ উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ প্যাভিলিয়নে, উপজেলা কৃষি অফিস,সমাজ সেবা অফিস। প্যাভিলিয়ন-২ ডিজিটাল সেবা প্যাভিলিয়নে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উপজেলা ভূমি অফিস,উপজেলা নির্বাচন অফিস,মুজিবনগর থানা,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস,পরিবার পরিকল্পনা অফিস।

প্যাভিলিয়ন-৩ হাতের মুঠোয় সেবা প্যাভিলিয়নে, ব্যাংক,ইউনিয়ন ডিজিটাল সেন্টার উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ অফিস,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,উপজেলা শিক্ষা অফিস প্যাভিলিয়ন-৪ শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান প্যাভিলিয়নে,মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক

অধিদপ্তর,বিআরডিবি,আনসার ও ভিডিপি অফিস অংশ গ্রহন করে। এছাড়াও দিন ব্যাপি আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা অনু্ষ্ঠিত হয়।

বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপি মেলার সমাপ্তি হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বিজ্ঞান শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক

জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে মুজিবনগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড এর আয়োজন করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ জন আটক

মেহেরপুর পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলায় ৫ জন আসামি আটক হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৪ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ১ আসামি রয়েছে। রবিবার সকাল থেকে আজ সোমবার (৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত সদর থানা ও গাংনী থানার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এই আসামি গ্রেফতার করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) মনোজ কুমার নন্দীর নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

এসময় মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৫ গ্রাম হেরোইন, ২ বোতল ফেনসিডিল উদ্ধার হয় এছাড়া গাংনী থানায় ১৩০ গ্রাম গাঁজা উদ্ধার করে। সদর থানায় ৩ টি ও গাংনী থানায় ২ টি সহ ৫ টি মামলা এফআইআরভূক্ত করা হয়।

আটকদের আজ সোমবার (৭ নভেম্বর) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে কিশোরী সংঘের সদস্যদের প্রশিক্ষণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মস্থান সহায়তা প্রকল্প-২ এর আওতায় স্কুলগামী শিক্ষার্থীদের নিয়ে দিনব্যাপি এক প্রশিক্ষণ কর্মশালা ও উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৭ নভেম্বর) সকাল ১১ টার দিকে গাংনী উপজেলার এম,এইচ,এ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কিশোরী সংঘের সদস্যদের নিয়ে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম। প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার আদিলা আজহার আরশি।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা সহকারি প্রোগ্রাম অফিসার (আইসিটি) আব্দুর রকিব।

এসময় বক্তব্য রাখেন উপজেলা সহকারি পল্লী উন্নয়ন অফিসার সাব্বির আহম্মেদ,এমএইচএ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারি শিক্ষক মফিজুর রহমান ও মানবজমিনের জেলা প্রতিনিধি সাহাজুল সাজু প্রমুখ।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নির্বাচন সম্পন্ন লিংকন সভাপতি, পাভেল সম্পাদক

আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার (৬ নভেম্বর) বার্ষিক নির্বাচনে এম এ লিংকন সভাপতি ও এমএন পাভেল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে সভাপতি পদে এমএ লিংকন পেয়েছেন ৮ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী জুলফিকার আলী কানন পান ৬ ভোট ও অপর প্রার্থী হারুন অর রশিদ রবি পেয়েছেন মাত্র ১ ভোট, সাধারণ সম্পাদক পদে ৯ ভোট পেয়ে এমএন পাভেল নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী লিটন মাহমুদ পান ৬ ভোট।

নির্বাচনে অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাসসের মেহেরপুর প্রতিনিধি দিলরুবা খাতুন, চ্যানেল নাইনের মেহেরপুর প্রতিনিধি আবু নাসের চৌধুরী, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশ, মাজেদুল হক মানিক।

নির্বাচনে তিন সদস্যের নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনের দায়ীত্ব পালন করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ত্ব সিরাজুল ইসলাম। এছাড়া নির্বাচন কমিশন ছিলেন আবুল কাশেম অনুরাগী ও বদরুজ্জামান লাল্টু।